



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ এপ্রিল ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটিতে ইউপিডিএফের অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধ পালিত

রাঙামাটি জেলায় আজ বৃহস্পতিবার (২৫ এপ্রিল ২০২৪) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর ডাকে অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধ স্বতঃস্ফূর্তভাবে পালিত হয়েছে। তবে রাঙামাটি পৌর এলাকা এবং এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, পানি-বিদ্যুতের সংযোগ প্রদান ও মেরামত কাজে ব্যবহৃত গাড়ি, জরুরী ঔষধ, সংবাদপত্র ও সাংবাদিক বহনকারী গাড়ী অবরোধের আওতামুক্ত ছিল।

বান্দরবানে কেএনএফ-বিরোধী যৌথ অভিযানের নামে নিরীহ মানুষ হত্যা, নির্বিচার গণশ্রেফতার, আটক, হয়রানি ও নিত্যপ্রয়োজনীয় জিনিস ক্রয়ের ওপর অন্যায় বাধা-নিষেধের প্রতিবাদে ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিট ও সহযোগী সংগঠনগুলো এই অবরোধ কর্মসূচি পালন করে।

আজ ভোর ৫টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পিকেটাররা রাঙামাটি-চট্টগ্রাম সড়কের বেতবুনিয়া, মঘাছড়ি, ঘাগড়াসহ বিভিন্ন স্থানে, রাঙামাটি-খাগড়াছড়ি সড়কের সাপছড়ি, কুদুকছড়ি, ঘিলাছড়ি, তৈন্যাপাড়া (১৭ মাইল), নান্যাচর সদরের টিএন্ডটি বাজারসহ বিভিন্ন স্থানে এবং বাঘাইছড়ি উপজেলার সাজেক পর্যটন সড়কের বাঘাইহাট দ্বোপদা, নাকশাছড়ি, ১৪ কিলো ও মাচলঙ ব্রিজ পাড়া এলাকায় সড়কে টায়ার-আগুন জ্বালিয়ে ও গাছের গুড়ি ফেলে অবরোধ কর্মসূচি সফল করেন। এছাড়া রাঙামাটি সদর উপজেলার পেরাছড়া, তৌমিদুংসহ নান্যাচর ও লংগদু উপজেলার বিভিন্ন স্থানে নৌপথে অবরোধ পালন করা হয়।

অবরোধের সময় রাঙামাটি শহর থেকে সড়ক ও নৌপথে দূরপাল্লার যানবাহন চলাচল করেনি। রাঙামাটি - খাগড়াছড়ি সড়ক, নান্যাচর-মহালছড়ি সড়ক ও সাজেকের পর্যটন সড়কে যানবাহন চলাচল বন্ধ ছিল। অন্যদিকে নান্যাচর-রাঙামাটি নৌপথসহ অন্যান্য নৌপথগুলোতেও নৌযান চলাচল করেনি।

অবরোধ চলাকালে রাঙামাটি সদর উপজেলার সাপছড়িতে পিকেটিংয়ে বাধা প্রদান করলে পিকেটারদের সাথে আইনশৃঙ্খলা বাহিনীর কিছুটা ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। তবে বড় কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

অপরদিকে, কুদুকছড়ি ইউনিয়নের মধ্য আদাম (ধর্মঘর) নামক স্থানে অবরোধের সমর্থনে পিকেটিং করার সময় সেনাবাহিনী ছিল উইমেন্স ফেডারেশনের রাঙামাটি জেলা সভাপতি রিমি চাকমাসহ ৫ নারী নেত্রীকে আটকের চেষ্টা চালায়। তবে জনগণের প্রতিবাদের মুখে পরে তাদেরকে ছেড়ে দেওয়া হয়।


ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধ কর্মসূচি সফল করায় বাস-ট্রাক-লঞ্চসহ সকল যান ও পরিবহন মালিক, শ্রমিক সমিতি-সংগঠনের নেতৃবৃন্দসহ জেলার সর্বস্তরের জনগণের প্রতি আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

তিনি শান্তিপূর্ণ সড়ক অবরোধের মতো গণতান্ত্রিক কর্মসূচিতেও রাষ্ট্রীয় বাহিনীর হস্তক্ষেপ ও নারী নেত্রীদের আটকের চেষ্টার নিন্দা ও প্রতিবাদ জানান।

ইউপিডিএফ নেতা বান্দরবানে চলমান কেএনএফ-বিরোধী অভিযানের নামে নিরীহ মানুষ হত্যা, নারী-শিশুসহ গণশ্রেফতার ও হয়রানির বিরুদ্ধে তথা পার্বত্য চট্টগ্রামে জাতিগত দমন-পীড়নের বিরুদ্ধে সোচ্চার হতে সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, একটি প্রকৃত গণতান্ত্রিক ও সভ্য দেশে এ ধরনের জঘন্য মানবাধিকার লঙ্ঘন চলতে পারে না।

তিনি অবিলম্বে বান্দরবানে যৌথ অভিযানে শ্রেফতারকৃত নিরপরাধ ব্যক্তিদের মুক্তি, গণশ্রেফতার ও নিরীহ লোকজনকে হয়রানি বন্ধ করা এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের ওপর আরোপিত বেআইনী বাধা-নিষেধ প্রত্যাহারের দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।